গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
**কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট ট্রেনিং একাডেমি**
সাগরিকা রোড, পাহাড়তলী, চট্টগ্রাম।
www.cevta.gov.bd

নথি নং- ২য় (১৬৫) বিসিটা/ প্রশিক্ষণ/ মূসক পরা: ও লাই বিধি/২০২৫/৩১৯১

তারিখ: ০২ আষাঢ় ১৪৩২ বঙ্গাব্দ
১৬ জুন ২০২৫ খ্রিস্টাব্দ

# বিজ্ঞপ্তি

**বিষয়: মূসক পরামর্শক লাইসেন্স পরীক্ষা, ২০২৫ এর লিখিত পরীক্ষার জন্য যোগ্য প্রার্থীদের প্রবেশপত্র সংগ্রহ।**

মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক আইন, ২০১২ এর ধারা ১৩০ এর উপধারা (১) এবং মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক বিধিমালা, ২০১৬ এর বিধি ১০৯ অনুযায়ী মূসক পরামর্শক লাইসেন্স প্রদানের লক্ষ্যে জাতীয় রাজস্ব বোর্ড, আগারগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত গণবিজ্ঞপ্তি ২০২৩ এবং গণবিজ্ঞপ্তি ২০২৪ এর মাধ্যমে প্রাপ্ত আবেদনের সকল যোগ্য প্রার্থীগণের মূসক পরামর্শক লাইসেন্স পরীক্ষা-২০২৫ এর লিখিত পরীক্ষা একযোগে অভিন্ন প্রশ্নপত্রে আগামী ২০/০৬/২০২৫ খ্রি. তারিখ রোজ শুক্রবার সকাল ০৯ টা হতে দুপুর ১২ টা পর্যন্ত ইস্পাহানী পাবলিক স্কুল এন্ড কলেজ জাকির হোসেন রোড,চট্টগ্রামে অনুষ্ঠিত হবে।উক্ত লিখিত পরীক্ষায় অংশগ্রহণের জন্য ইতোমধ্যে এ দপ্তরের ওয়েবসাইট (www.cevta.gov.bd) এ প্রকাশিত যোগ্য প্রার্থীদের যোগাযোগের ঠিকানায় ডাকযোগে প্রবেশপত্র প্রেরণ করা হয়েছে। যদি কোন পরীক্ষার্থী ডাকযোগে প্রেরিত প্রবেশপত্র না পেয়ে থাকেন তাদেরকে ০২ (দুই) কপি পাসপোর্ট সাইজের সত্যায়িত ছবি এবং জাতীয় পরিচয়পত্রের মূল কপিসহ আগামী ১৮/০৬/২০২৫ এবং ১৯/০৬/২০২৫ খ্রি. তারিখ অফিস চলাকালীন কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট ট্রেনিং একাডেমি, সাগরিকা রোড, পাহাড়তলী, চট্টগ্রাম-৪২১৯ হতে প্রবেশপত্র সংগ্রহ করার জন্য অনুরোধ করা হলো। উল্লেখ্য যে, লিখিত পরীক্ষায় কৃতকার্য প্রার্থীদের তালিকা এবং মৌখিক পরীক্ষার সময়সূচী এ দপ্তরের নোটিশ বোর্ড ও ওয়েবসাইট (www.cevta.gov.bd) এ প্রকাশ করা হবে।

(তানজিলা ইয়াছমিন)
উপ পরিচালক
☎ ০২-৩৩৩৩৮০২৪১
bcta2018@gmail.com